

## বটফল

সামনে ধু - ধু ঠেঙাড়ে মাঠ -- অস্তুরবি পাটে;  
এখানে এক রহস্যময় পদ্মদিঘির কাছে  
বেঙ্গমা - বেঙ্গমিযুগল ফিরেছে --- বটগাছে  
গুছিয়ে বসে এবার তারা অতীতকথা বলে---

অন্যকালের পথিক আমি এসেছি জলঘাটে ?  
জন্মনদীর পারে ছিল অনেক দূরে বাড়ি  
বিশাল মাঠে সে-দিন একা হাঁটছি তাড়াতাড়ি--  
তিন ঠেঙাড়ে ধরলে এসে -- পথে সন্ধ্যা হলে ?

এ - কালে সেই প্রাচীন দিঘি, রাঙাছায়ার মাঠে!  
কাজল জলে পদ্মপাতা কলমিলতাজাল---  
পাঁকের ভিতর আছে আমার অদৃশ্য কঙ্কাল ?  
রঙফোঁটা ছড়িয়ে আছে পুরনো বটফলে!

শম্ভুনাথ চট্টোপাধ্যায়

